

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ০৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**প্রথম দিনেই ১০ হাজারের বেশী রিটার্ন দাখিল - ২০২৫-২৬ কর বছরের ই-রিটার্ন দাখিলে করদাতাগণের অভূতপূর্ব সাড়া**

গতকাল ৪ আগস্ট ২০২৫ তারিখে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে ই-রিটার্ন দাখিল কার্যক্রম শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের দিনেই অনলাইনে ই-রিটার্ন দাখিলে করদাতাগণ ব্যাপক সাড়া দিয়ে ১০,২০২ জন সম্মানিত করদাতা ২০২৫-২৬ কর বছরের তাদের আয়কর রিটার্ন অনলাইনে দাখিল করেছেন। গত বছর ৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনলাইন রিটার্ন দাখিল শুরু হলে প্রথম দিনে ২,৩৪৪ জন করদাতা অনলাইনে ই-রিটার্ন দাখিল করেছিলেন। সে হিসেবে এবারে ২০২৫-২৬ কর বছরের ই-রিটার্ন দাখিল শুরুর দিনে রিটার্ন দাখিলের সংখ্যা প্রায় ৫ গুণ।

গত ৩ আগস্ট ২০২৫ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এক বিশেষ আদেশ জারীর মাধ্যমে ৬৫ (পঁয়ষষ্ঠি) বছর বা তদুর্ধ বয়সের প্রবীণ করদাতা, শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদা সম্পন্ন করদাতা, বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতা অথবা মৃত করদাতার পক্ষে আইনগত প্রতিনিধি ব্যক্তিত সারাদেশের সকল ব্যক্তি শ্রেণীর করদাতার (Individual Taxpayers) অনলাইনে ([www.etalnbr.gov.bd](http://www.etalnbr.gov.bd)) আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

তবে, কোন ব্যক্তি করদাতা ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হলে ৩১ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপকর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করলে সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্মকর কমিশনারের অনুমোদনক্রমে তিনি পেপার রিটার্ন দাখিল করতে পারবেন।

গতবছর সীমিত আকারে ব্যক্তি করদাতাগণের জন্য অনলাইনে রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হলে ১৭ লাখের বেশি ব্যক্তি করদাতা অনলাইনে ই-রিটার্ন দাখিল করেন। করদাতাগণ ব্যাংক ট্রান্সফার, ডেবিটকার্ড, ক্রেডিটকার্ড, বিকাশ, রকেট, নগদ অথবা অন্য কোনো মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিস অ্যাপ ব্যবহার করে ঘরে বসেই কর পরিশোধ করে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করতে পারেন, তৎক্ষণিকভাবে নিজেই স্বয়ংক্রিয়ভাবে ই-রিটার্ন দাখিলের acknowledgement slip প্রিন্ট নিতে পারেন এবং প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক স্বয়ংক্রিয়ভাবে আয়কর সনদ প্রিন্ট করতে পারেন।

অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করার ক্ষেত্রে কোন সমস্যা হলে তা তৎক্ষণিকভাবে সমাধানের জন্য রাজস্ব বোর্ডের নিবেদিতপ্রাণ কর্মীগণ কলসেন্টার এবং অন্যান্য ইলেকট্রনিক মাধ্যমে সার্বক্ষণিক সেবা প্রদান করছেন।

-জাতীয় রাজস্ব বোর্ড